

■ সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৬৩

৫/ হাজ (হজ/হজ) (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৭. কুরবানীর পশু গন্তব্যে (মক্কা) পৌঁছার পূর্বেই অবসন্ন হয়ে পড়লে।

بَابِ فِي الْهَدْيِ إِذَا عَطِبَ قَبْلَ أَنْ يَبْلُغَ

আরবী

حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، وَمُسَدَّدٌ، قَالَ أَنَّ حَدَّثَنَا حَمَّادٌ، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ، - وَهَذَا حَدِيثٌ مُسَدَّدٌ - عَنْ أَبِي التَّيَّاحِ، عَنْ مُوسَى بْنِ سَلَمَةَ، عَنْ أَبْنَ عَبَّاسٍ، قَالَ بَعْثَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فُلَانًا الْأَسْلَمِيَّ وَبَعْثَ مَعَهُ بِثْمَانَ عَشْرَةَ بَدَنَةً فَقَالَ أَرَأَيْتَ إِنْ أُزْحِفَ عَلَىٰ مِنْهَا شَيْءًَ قَالَ "تَنْحِرُهَا ثُمَّ تَصْبِغُ نَعْلَهَا فِي دَمِهَا ثُمَّ اضْرِبْهَا عَلَىٰ صَفَحَتِهَا وَلَا تَأْكُلْ مِنْهَا أَنْتَ وَلَا أَحَدٌ مِنْ أَصْحَابِكَ". أَوْ قَالَ "مِنْ أَهْلِ رُفْقَتِكَ". قَالَ أَبُو دَاؤِدَ الَّذِي تَفَرَّدَ بِهِ مِنْ هَذَا الْحَدِيثِ قَوْلُهُ "وَلَا تَأْكُلْ مِنْهَا أَنْتَ وَلَا أَحَدٌ مِنْ أَهْلِ رُفْقَتِكَ". وَقَالَ فِي حَدِيثِ عَبْدِ الْوَارِثِ "ثُمَّ اجْعَلْهُ عَلَىٰ صَفَحَتِهَا". مَكَانَ "اضْرِبْهَا". قَالَ أَبُو دَاؤِدَ سَمِعْتُ أَبَا سَلَمَةَ يَقُولُ إِذَا أَقْمَتَ الْإِسْنَادَ وَالْمَعْنَى كَفَاكَ.

বাংলা

১৭৬৩. সুলায়মান ইবন হারব (রহঃ) ইবন আবাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসলাম গোত্রের অমুককে (মক্কায়) প্রেরণ করেন এবং তাঁর সাথে আঠারটি কুরবানীর উটও পাঠান। সে (আসলামী) জিজেস করে আপনার কী মত, পথিমধ্যা যদি এর কোনটি চলতে অক্ষম হয়ে পড়ে? তিনি বলেন, তবে তা যবেহ করবে এবং এর জুতাকে (যা উহার গলায় পরিহিত আছে) এর রক্তে রঞ্জিত করবে। এরপর ঐ রঞ্জিত জুতা এর কুঁজের নিকট রাখবে। আর তুমি এবং তোমার সাথীরা তা হতে কোন মাংস খাবে না। অথবা তিনি বলেন, তোমার সহ্যাত্রীগণ এর মাংস খাবে না।

আবু দাউদ (রহঃ) বলেন, হাদীসের নিম্নোক্ত বক্তব্য অন্য হাদীস দ্বারা সমর্থিত হয়নি 'তুমি নিজেও এর মাংস খাবে না এবং তোমার সহ্যাত্রীদের কেউও খাবে না।'

তিনি আবদুল ওয়ারিসের হাদীস সম্পর্কে বলেন, তাতে ”এর দ্বারা চিহ্নিত করে রাখ” এর পরিবর্তে ”এরপর তা এর ঘাড়ে ঝুলিয়ে রাখ” শব্দ হবে। আবু দাউদ (রহঃ) আরও বলেন, আমি আবু সালামাকে বলতে শুনেছি, সনদ ও অর্থ সঠিক হলে তা-ই তোমার জন্য যথেষ্ট।

English

Ibn Abbas said:

The Messenger of Allah (SWAS) sent a man of al-Aslam tribe and sent with him eighteen sacrificial camels (as offering to Makkah). What do you think if any one of them becomes fatigued. He replied : You should sacrifice it then dye its shoe with its blood, then mark with it on its neck. But you or any of your companions should not eat out of it.

Abu Dawud said: The following words of this tradition are not supported by any other tradition “You should not eat of it yourself nor any of your companions”.

The version of `Abdal Warith has the words “then hang it in its neck” instead of the words “mark or strike with it”. Abu Dawud said I heard Abu Salamah say if the chain of narrators and the meaning are correct, it is sufficient for you.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=33872>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন